

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২২ নভেম্বর ২০১৬ খ্রিঃ।

**বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন (বিটিএলএ) ও ঢাকা ট্যাক্সেস বার এসোসিয়েশনের সাথে
এনবিআর এর মতবিনিময় সভা অনুষ্ঠিতঃ রাজস্ব সংগ্রহের কাজে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস**

অফুরন্ত বিনিয়োগ ও উন্নয়ন সম্ভাবনার দেশ বাংলাদেশ। এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দেয়ার জন্য প্রয়োজন যথাযথ প্রয়াস। বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে পরিণত করার অতীষ্ট লক্ষ্য অর্জনে প্রয়োজন কাঙ্ক্ষিত রাজস্ব। নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে জাতীয় রাজস্ব বোর্ড সকল অংশীজনদের সাথে নিবিড় সম্পর্ক তৈরির উদ্যোগ নিয়েছে। এই ধারাবাহিকতায় রাজস্ব আহরণ কার্যক্রম জোরদার করার পাশাপাশি সংশ্লিষ্ট সকল অংশীজনদের সাথে নিয়মিত আলোচনা, সংলাপ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হচ্ছে।


সরকারের রাজস্ব সংগ্রহে আয়কর আইনজীবীগণ মূখ্য ভূমিকা পালন করে থাকেন। অর্থ আইনের মত জটিল বিষয়কে সাধারণ করদাতাদের কাছে সহজবোধ্য করে সরকারের রাজস্ব ভান্ডারে অর্থ যোগানে কর আইনজীবীবৃন্দের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আয়কর বিভাগ ও করদাতাদের মাঝে আয়কর আইনজীবীগণ যোগসূত্র হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁরা এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের মাধ্যমে সাধারণ জনগণকে সঠিকভাবে কর প্রদানে সচেতন ও উদ্বুদ্ধ করে থাকে। আয়কর আইনজীবীদের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের পেশাগত সম্পর্ক আরো নিবিড় এবং রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে তাঁদের প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকাকে আরো সক্রিয় ও বেগবান করার জন্য আজ ২২ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন (বিটিএলএ) ও ঢাকা ট্যাক্সেস বার এসোসিয়েশনের নেতৃবৃন্দের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভাপতিত্ব করেন। মতবিনিময় সভায় জাতীয় রাজস্ব বোর্ডের 'সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা কাঠামো'র উপর একটি "পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন" উপস্থাপন করা হয়।

মতবিনিময় সভায় বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন (বিটিএলএ) ও ঢাকা ট্যাক্সেস বার এসোসিয়েশনের সম্মানিত প্রতিনিধিগণ, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বিটিএলএ ও ঢাকা ট্যাক্সেস বার এসোসিয়েশনের নেতৃবৃন্দ আয়কর বিভাগের বিভিন্ন কর্মকাণ্ডে আয়কর আইনজীবীদের সম্পৃক্ততা, সহায়তা ও অভিজ্ঞতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং তাঁরা জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আহরণ বিষয়ক কাজে জনস্বার্থে তাঁদের নিজ নিজ অবস্থান থেকে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড সভায় অংশগ্রহণের জন্য কর আইনজীবীদের আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, সরকারের সর্বোচ্চ রাজস্ব সংগ্রহকারী সংস্থা হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড তার সকল অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখার পাশাপাশি সকল ক্ষেত্রে সুশাসন সুনিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ। রাজস্ব সংগ্রহে কর আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁরা আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীজন। আমরা 'আন্তরিক অংশীজন সম্পর্ক' বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি। আমি আশা করছি, আগামী দিনগুলোতে কর আইনজীবীদের সাথে আমাদের পেশাগত সম্পর্ক বন্ধুত্বপূর্ণ হবে।

তিনি আরো বলেন, সম্মানিত আয়কর আইনজীবীগণ দেশ ও জাতির বৃহত্তর কল্যাণে তাঁদের স্ব স্ব দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পরিপালনপূর্বক সরকারের রাজস্ব ভান্ডারকে আরো সমৃদ্ধ করার দৃঢ় প্রত্যয়ে গঠনমূলক, গতিশীল এবং শক্তিশালী ভূমিকা রাখবেন। পাশাপাশি সরকারের রূপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে সম্মানিত করদাতাদের জন্য সেবাধর্মী ও জবাবদিহিতামূলক একটি শক্তিশালী, আধুনিক এনবিআর গড়ে তোলার লক্ষ্যে আয়কর আইনজীবীগণ আমাদের সাথে আন্তরিকভাবে কাজ করবেন।

বর্ধিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।